# বার্ষিক প্রতিবেদন

২০২২-২০২৩



কৃষি তথ্য সার্ভিস

# কৃষি তথ্য সার্ভিস
## www.ais.gov.bd

**১.০ ভূমিকা**

কৃষি তথ্য সার্ভিস গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন একটি স্বতন্ত্র প্রতিষ্ঠান। ১৯৬১ সালে আত্মপ্রকাশের পর থেকে নিরলসভাবে গণমাধ্যমের সাহায্যে কৃষি তথ্য ও প্রযুক্তি তৃণমূল পর্যায়ে দ্রুত বিস্তার কার্যক্রম বাস্তবায়ন করে আসছে। ১৯৮৫ সালে কৃষি তথ্য সার্ভিস বিভক্ত হয়ে এক তৃতীয়াংশ জনবল মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ে চলে যায়। ২০০৮ সালের আগে সিলেট, চট্টগ্রাম, খুলনা, রাজশাহী, পাবনা, ময়মনসিংহ ছয়টি আঞ্চলিক অফিস এবং ঠাকুরগাঁও ও কক্সবাজার লিয়াজোঁ অফিস ছিল। বর্তমানে বরিশাল, রংপুর, ঢাকা, কুমিল্লা ও রাঙামাটিতে পাঁচটি আঞ্চলিক অফিসসহ মোট ১১টি আঞ্চলিক অফিস ও ০২টি লিয়াজোঁ অফিস প্রতিষ্ঠার মাধ্যমে কৃষি তথ্য সার্ভিসের মিডিয়াভিত্তিক কার্যক্রম সুচারুভাবে পরিচালিত হচ্ছে।

**১.১ ভিশন (Vision)**

আধুনিক ও সহজলভ্য কৃষি তথ্য সেবা।

**১.২ মিশন (Mission)**

প্রিন্ট, ইলেকট্রনিক ও গণমাধ্যমের সহায়তায় কৃষি বিষয়ক তথ্য ও প্রযুক্তি সংশ্লিষ্ট উপকারভোগীদের কাছে সহজলভ্য করে জনসচেতনতা সৃষ্টি।

**১.৩ উদ্দেশ্যসমূহ**

- আধুনিক গণমাধ্যমের (প্রিন্ট ও ইলেকট্রনিক) সহায়তায় কৃষি বিষয়ক তথ্য ও প্রযুক্তি তৃণমুল পর্যায়ের কৃষক, সম্প্রসারণকর্মীসহ সংশ্লিষ্টদের কাছে সহজলভ্য করা
- আইসিটি প্রযুক্তি ব্যবহার করে দ্রুত ও সহজে উপকারভোগীর কাছে পৌঁছে দেয়া
- জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে কৃষিবিষয়ক উন্নয়নমূলক/উদ্বুদ্ধকরণ মূলক প্রচার-প্রচারণা করা ও
- কৃষক, সম্প্রসারণকর্মী, কৃষি মিডিয়াকর্মীসহ সংশ্লিষ্টদের দক্ষতা বৃদ্ধি করা

**১.৪ কার্যাবলি**

- কৃষি বিশেষজ্ঞদের নিকট থেকে কৃষি বিষয়ক আধুনিক তথ্য ও প্রযুক্তিভিত্তিক লেখা সংগ্রহ করে মাসিক ম্যাগাজিন 'কৃষিকথা'য় প্রকাশ ও বিতরণ
- মাঠ পর্যায় থেকে সংগৃহীত কৃষি বিষয়ক সংবাদ সংগ্রহ করে মাসিক বুলেটিন 'সম্প্রসারণ বার্তা'য় প্রকাশ ও বিতরণ
- আধুনিক কৃষিপ্রযুক্তি নির্ভর বিভিন্ন লিফলেট, ফোল্ডার, বুকলেট ইত্যাদি প্রকাশ ও বিতরণ
- কৃষিবিষয়ক ভিডিও, ফিল্ম-ফিলার, টকশো, ডকুমেন্টারি তৈরি ও সম্প্রচার
- প্রত্যন্ত অঞ্চলে গ্রামীণ জনগোষ্ঠীর মধ্যে সিনেমা শো আয়োজনের মাধ্যমে কৃষিবিষয়ক ভিডিও চলচ্চিত্র প্রদর্শন
- ওয়েবসাইটের মাধ্যমে কৃষি তথ্য সেবা বিতরণ ও ই-সেবা প্রদান
- কলসেন্টারের মাধ্যমে (১৬১২৩) তাৎক্ষণিকভাবে কৃষকদের কৃষিবিষয়ক বিভিন্ন সমস্যার সমাধান প্রদান
- কৃষি বিষয়ক নতুন নতুন তথ্য ও প্রযুক্তির ওপর মাল্টিমিডিয়া ই-বুক নির্মাণ ও বিতরণ
- কৃষি তথ্য ও যোগাযোগ কেন্দ্র (এআইসিসি) এর মাধ্যমে গ্রামীণ জনগোষ্ঠীর কাছে ই-তথ্য সেবা পৌঁছে দেয়া
- প্রশিক্ষণ, সভা, সেমিনার, মেলা ইত্যাদি আয়োজনের মাধ্যমে দক্ষ জনবল সৃষ্টি ও সচেতনতা বৃদ্ধি
- বাংলাদেশ টেলিভিশন ও বাংলাদেশ বেতার ও কমিউনিটি রেডিওতে কৃষিবিষয়ক অনুষ্ঠান নির্মাণে সার্বিক সহযোগিতা প্রদানসহ সরকার গৃহীত কৃষিভিত্তিক উন্নয়নমূলক কার্যক্রম সম্পর্কে জনসাধারণকে গণমাধ্যমের সহায়তায় অবহিতকরণ

**২.০ প্রশাসনিক**

**২.১ কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা**

| ক্রমিক নং | গ্রেড নং | জনবল | | |
|---|---|---|---|---|
| | | অনুমোদিত | পূরণকৃত পদ | শূন্যপদ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১. | গ্রেড-১ | - | - | - |
| ২. | গ্রেড-২ | - | - | - |
| ৩. | গ্রেড-৩ | ০১ | ০১ | ০ |
| ৪. | গ্রেড-৪ | ২ | ২ | ০ |
| ৫. | গ্রেড-৫ | - | - | - |
| ৬. | গ্রেড-৬ | ৩ | ৩ | ০ |
| ৭. | গ্রেড-৭ | ০৭ | ০৭ | ০ |
| ৮. | গ্রেড-৮ | - | - | - |
| ৯. | গ্রেড-৯ | ১০ | ১০ | ০ |
| ১০. | গ্রেড-১০ | ০৭ | ০৭ | ০ |
| ১১. | গ্রেড-১১ | ৩৬ | ৩৬ | ০ |
| ১২. | গ্রেড-১২ | ১৭ | ১৩ | ০৪ |
| ১৩. | গ্রেড-১৩ | ২ | ২ | ০ |
| ১৪. | গ্রেড-১৪ | ২৭ | ২৬ | ০১ |
| ১৫. | গ্রেড-১৫ | ০১ | ০১ | ০ |
| ১৬. | গ্রেড-১৬ | ৬৯ | ৬২ | ০৭ |
| ১৭. | গ্রেড-১৭ | - | - | - |
| ১৮. | গ্রেড-১৮ | ২ | ১ | ০১ |
| ১৯. | গ্রেড-১৯ | ১০ | ১০ | ০ |
| ২০. | গ্রেড-২০ | ৪৯ | ৩৭ | ১২ |
| **মোট** | | **২৪৩** | **২১৮** | **২৫** |

**২.২ অন্যান্য জনবল (প্রকল্প, আউট সোর্সিং ইত্যাদি)**

| দপ্তর/সংস্থা | প্রকল্পের পদ (প্রেষণ ব্যতিত) | আউট সোর্সিং জনবল | মোট |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| কৃষি তথ্য সার্ভিস | - | ৭ জন | ৭ জন |

**২.৩ পদোন্নতি প্রদান**

| গ্রেড | পদোন্নতি | মন্তব্য |
|---|---|---|
| ৯ম গ্রেড ও তদূর্ধ্ব | | |
| ১০ গ্রেড | | |
| ১১শ-১৬শ গ্রেড | ৩ জন | • অফিস সহকারী পদ হতে উচ্চমান সহকারী পদে ১ জন<br>• অফসেট প্রিন্টার পদ হতে সিনিয়র অফসেট মেশিন অপারেটর পদে ১ জন<br>• বুক বাইন্ডার পদ হতে কাটিং মেশিন অপারেটর পদ ১ জন |

| গ্রেড | পদোন্নতি | মন্তব্য |
|---|---|---|
| | | • পদোন্নতি কমিটি কর্তৃক যোগ্য মনে করায় পদোন্নতি প্রদান করা হয়েছে।<br>• উচ্চ আদালতে নির্দেশনা মোতাবেক মোঃ জালাল উদ্দিন কে অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে পদায়ন করা হয়েছে। |
| ১৭শ-২০তম গ্রেড | ১ জন | • অফিস সহায়ক পদ হতে প্যাকার পদে ১ জন কর্মচারীকে |
| **মোট** | ৪ জন | |

### ২.৪ নিয়োগ প্রদান

| প্রতিবেদনাধীন বছরে পদোন্নতি | | | | |
|---|---|---|---|---|
| **৯ম গ্রেড ও তদূর্ধ্ব** | **১০ গ্রেড** | **১১শ-১৬শ গ্রেড** | **১৭শ-২০তম গ্রেড** | **মোট** |
| - | - | ১ জন | | ১ জন |

### ৩.০ অডিট আপত্তি

| মন্ত্রণালয়/ সংস্থার নাম | পূর্ববর্তী বছরের আপত্তির জের | বিবেচ্য বছরে উত্থাপিত আপত্তির সংখ্যা | মোট অডিট আপত্তির সংখ্যা | মোট জড়িত টাকার পরিমাণ | মোট বি/এস জবাবের সংখ্যা | নিষ্পত্তিকৃত অডিট আপত্তি | | অনিষ্পন্ন অডিট আপত্তি | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | সংখ্যা | টাকার পরিমাণ (কোটি টাকা) | সংখ্যা | টাকার পরিমাণ (কোটি টাকা) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| কৃষি তথ্য সার্ভিস (রাজস্ব ও উন্নয়ন) | ২৫ | ০৬ | ৩১ | ৯৮১.৫৩ | ২৫ | ৬ | ৫৪.১২ | ২৫ | ৯২৮.১৬ |
| **সর্বমোট** | **২৫** | **০৬** | **৩১** | **৯৮১.৫৩** | **২৫** | ৬ | **৫৪.১২** | **২৫** | **৯২৮.১৬** |

### ৩.১ সরকার কর্তৃক/ সরকারের বিরুদ্ধে দায়েরকৃত মামলা

| মন্ত্রণালয়/ দপ্তর/সংস্থা | ৩০ জুন ২০২২ পর্যন্ত চলমান মামলার সংখ্যা | সরকার কর্তৃক দায়েরকৃত মামলার সংখ্যা | সরকারের বিরুদ্ধে দায়েরকৃত মামলার সংখ্যা | নিষ্পত্তিকৃত মোট মামলার সংখ্যা | ৩০ জুন ২০২৩ পর্যন্ত চলমান মামলার সংখ্যা |
|---|---|---|---|---|---|
| **১** | **২** | **৩** | **৪** | **৫** | **৬** |
| কৃষি তথ্য সার্ভিস | ৮ | - | ৮ | ১ | ৮ |

### ৪.০ মানব সম্পদ উন্নয়ন

### ৪.১. প্রশিক্ষণ

| প্রশিক্ষণ | | | | |
|---|---|---|---|---|
| **অভ্যন্তরীণ** | **বৈদেশিক** | **ইন-হাউস** | **অন্যান্য** | **মোট** |
| **১** | **২** | **৩** | **৪** | **৫** |
| **৪৮০ জন** | **-** | **৫৪০ জন** | **-** | **১০২০ জন** |

**৫.০ তথ্য প্রযুক্তি ও কম্পিউটার স্থাপন**

| মোট কম্পিউটারের সংখ্যা | ইন্টারনেট সুবিধা আছে কিনা | ল্যান (LAN) সুবিধা আছে কিনা | ওয়ান (WAN) সুবিধা আছে কিনা | কম্পিউটার প্রশিক্ষিত জনবলের সংখ্যা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ২৭ | আছে | আছে | আছে | ১৩৪ জন |

**৬.০ সরকারী প্রতিষ্ঠান সমূহের আয়ের লভ্যাংশ/মুনাফা/আদায়কৃত রাজস্ব থেকে সরকারি কোষাগারে জমার পরিমাণ (লক্ষ টাকায়)**

| আয়ের উৎস | ২০২২-২৩ অর্থবছরে আয় (জমাকৃত) | ২০২১-২২ অর্থবছরে আয় (জমাকৃত) |
|---|---|---|
| কৃষি কথা গ্রাহক | ৩৩.২৯ | ৩৩.৬১ |

**৭.০ প্রিন্ট মিডিয়ায় অর্জন**

● ২০২২-২৩ অর্থবছরে ঐতিহ্যবাহী মাসিক 'কৃষিকথা' পত্রিকার ৭.৮৩ লক্ষ কপি মুদ্রণ ও বিতরণ করা হয়েছে। একই সময়ে মাসিক সম্প্রসারণ বার্তার ১৮ হাজার কপি প্রকাশ ও বিতরণ করা হয়েছে

● কৃষি প্রযুক্তিভিত্তিক বিভিন্ন লিফলেট, পোস্টার, বুকলেট ইত্যাদির প্রায় ৪.৮৩ লক্ষ কপি মুদ্রণ ও বিতরণ করা হয়েছে

**৭.১ ইলেকট্রনিক মিডিয়ায় অর্জন**

● ২০২২-২৩ অর্থবছরে কৃষি প্রযুক্তিনির্ভর ২০টি ভিডিও ফিল্ম/ফিলার/ডকুমেন্টারি নির্মাণ ও সম্প্রচার করা হয়েছে

● এ সময়ে ৭২০টি ভ্রাম্যমাণ চলচ্চিত্র প্রদর্শনীর মাধ্যমে তৃণমূল পর্যায়ে আধুনিক কৃষি তথ্য প্রযুক্তি সম্প্রচারের কাজ করা হয়েছে

● বাংলাদেশ টেলিভিশনে 'মাটি ও মানুষ' অনুষ্ঠানের ৩৬০টি পর্ব এবং 'বাংলার কৃষি' অনুষ্ঠানের প্রায় ৩৬২টি পর্ব সম্প্রচারের যাবতীয় কারিগরি সহায়তা প্রদান করা হয়েছে

**৭.২ আইসিটিতে অর্জন**

● **কৃষি তথ্য ও যোগাযোগ কেন্দ্র (এআইসিসি):** গ্রামীণ পর্যায়ে কৃষি তথ্য বিস্তারের লক্ষ্যে দেশব্যাপী ৪৯৯টি কৃষি তথ্য ও যোগাযোগ কেন্দ্র (এআইসিসি) স্থাপন করা হয়েছে। কৃষক পরিচালিত এসব কেন্দ্রে কম্পিউটার, ল্যাপটপ, মডেম, মাল্টিমিডিয়া ইত্যাদি সামগ্রী প্রদান করা হয়েছে ও প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। সারাদেশে স্থাপিত ৪৯৯টি কৃষি তথ্য ও যোগাযোগ কেন্দ্র থেকে প্রতিদিন গড়ে প্রায় ১৫-২০ জন কৃষিবিষয়ক তথ্য সেবা পাচ্ছেন। ২০২২-২৩ অর্থবছরে প্রায় ২৭ লাখ কৃষক-কৃষাণী এসব কৃষি তথ্য ও যোগাযোগ কেন্দ্র থেকে তথ্য ও সেবা পেয়েছেন।

● **কৃষি কল সেন্টার** : কৃষি তথ্য সার্ভিসের সদর দপ্তরে স্থাপিত কৃষি কল সেন্টার (১৬১২৩) থেকে প্রতি মিনিটে ২৫ পয়সা ব্যয়ে কৃষিবিষয়ক বিশেষজ্ঞদের মাধ্যমে কৃষকের উল্লেখিত বিষয়ে সমস্যার তাৎক্ষণিক সমাধান দেয়া হচ্ছে। প্রতিদিন প্রায় ২০০-২২০টি কলের সমাধান এখান থেকে প্রদান করা হচ্ছে। ২০২২-২৩ অর্থবছরে প্রায় ৪০৮৫২ জন কে কৃষি তথ্য সেবা প্রদান করা হয়েছে

● **কমিউনিটি রেডিও**: বরগুনা জেলার আমতলীতে একটি কমিউনিটি রুরাল রেডিও স্থাপন করা হয়েছে, বর্তমানে প্রতিদিন ৮ ঘণ্টা করে সম্প্রচার করা হচ্ছে। এ রেডিও'র ৫০টি শ্রোতা ক্লাব রয়েছে এবং প্রায় ২ লক্ষ মানুষ অনুষ্ঠানগুলোর নিয়মিত শ্রোতা।

### ৭.৩ বিবিধ অনুষ্ঠান আয়োজন

জাতীয় ও আন্তর্জাতিক কৃষিভিত্তিক বিভিন্ন দিবস উপলক্ষ্যে সেমিনার, মেলা ইত্যাদির আয়োজনে সহযোগিতা করা হয়েছে

### ৮.০ উপসংহার

কৃষি তথ্য সার্ভিস উন্নয়ন অগ্রযাত্রার গৌরবোজ্জ্বল অংশীদার। সাফল্যের স্বীকৃতি হিসেবে কৃষি তথ্য সার্ভিস এরই মধ্যে অর্জন করেছে বঙ্গাবন্ধু কৃষি স্বর্ণপদক, জাতীয় ডিজিটাল উদ্ভাবনী পদক এসব। কৃষির উন্নয়নে কৃষি তথ্য সার্ভিস জন্মলগ্ন থেকে নিরলসভাবে গণমাধ্যমের প্রায় সব মাধ্যমের সাহায্যে কৃষি তথ্য প্রযুক্তি গ্রামীণ তৃণমূল পর্যায় পর্যন্ত দ্রুত বিস্তার কার্যক্রম বাস্তবায়ন করে আসছে। কৃষি তথ্য সার্ভিস নতুন পদ্ধতি ব্যবহার করে কৃষি প্রযুক্তি বিস্তারে বিশেষ ভূমিকা রেখে চলেছে। বহুবিধ সীমাবদ্ধতা ও প্রতিকূলতার মধ্য দিয়েও কৃষির উন্নয়নের জন্য কৃষি তথ্য সার্ভিস নিরলস কাজ করছে। কৃষির জয়যাত্রা অব্যাহত থাকুক, কৃষিতে সাফল্যের মাধ্যমেই বঙ্গাবন্ধুর স্বপ্নের সোনার বাংলা প্রতিষ্ঠিত হোক- এ প্রত্যাশাই সবার। কৃষি সমৃদ্ধিতে আমরা সবাই গর্বিত অংশীদার।

# চিত্রে কৃষি তথ্য সার্ভিসের কার্যক্রম




সিরডাপ মিলনায়তনে কৃষি তথ্য সার্ভিসের আয়োজনে ‘স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে স্মার্ট কৃষির ভূমিকা বিষয়ক সেমিনারে অনুষ্ঠিত হয়। সেমিনারে উপস্থিত ছিলেন কৃষি সচিব জনাব ওয়াহিদা আক্তার, পরিচালক কৃষি তথ্য সার্ভিস ও অন্যান্য ব্যক্তিবর্গ (২২/৬/২০২৩)



কৃষি মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে এপিএ স্বাক্ষর অনুষ্ঠানে মাননীয় কৃষিমন্ত্রী মহোদয়ের সম্মুখে মাননীয় সচিব, কৃষি মন্ত্রণালয় ও পরিচালক, কৃষি তথ্য সার্ভিস